

ধাঁধাঁ

- ১। তিন অক্ষরে নাম তার শেষে আছে পর।
বিয়ের সময় সাড়ম্বরে মাথায় পরেন বর।
- ২। কাঠফাটা রোদ্দুরে আমি আছি ভরসা
অথবা তোমায় রক্ষা করি যদি নামে বর্ষা।
- ৩। মাথার উপর কেউবা রাখে মাথার পরে থাকি
হরেকরকম চেহারা মোর, নাম বল তো দেখি?



- ৪। শৈশবে ল্যাজ থাকে, যৌবনে নেই
এক লাফে ভেগে পড়ি, বিপদ এলেই।
- ৫। পুরাণে বর্ণিত পাখি, বিষ্ণুর বাহন
লেজ কাটলে গরু হয়ে করে বিচরণ।



উত্তর: ১/ টোপর ২/ ছাতা ৩/ টুপি ৪/ব্যাঙ ৫/গরুড়